

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৯৯

পर्ব-৫: জानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - মৃত্যু কামনা ও মৃত্যুকে স্মরণ করা

بَابُ تَمَنِّي الْمَوْتِ وَذِكْرِه

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَتَمَنَّى وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَتِمَنَّى أَحُدُكُمُ الْمَوْتَ وَلَا يَدْعُ بِهِ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَهُ إِنَّهُ إِذَا مَاتَ انْقَطَعَ أَمَلُهُ وَإِنَّهُ لَا يَزِيدُ الْمُؤْمِنَ عُمْرُهُ إِلَّا خيرا» . رَوَاهُ مُسلم

#### বাংলা

১৫৯৯-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যেন মৃত্যু কামনা না করে আর তা আসার পূর্বে তাকে যেন আহবান না জানায়, কারণ সে যখন মৃত্যুবরণ করবে তার 'আমল বন্ধ হয়ে যাবে। আর মু'মিনের হায়াত বাড়লে তার ভাল কাজই বৃদ্ধি পায়। (মুসলিম)[1]

# ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬৮২, আহমাদ ৮১৮৯, ইবনু হিব্বান ৩০১৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৫৬৪, সহীহ আতৃ তারগীব ৩৩৬৯, সহীহ আল জামি' আস্ সগীর ৭৬১২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَلَا يَدْعُ بِه) মৃত্যুর আহবান যেন না করে। হাফিয ইবনে হাজার বলেন, মৃত্যুর আহবান বা দু'আ মৃত্যুর কামনার চেয়ে খাস।

(مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَهُ) মৃত্যু আসার পূর্বে হাফিয ইবনে হাজার বলেন, মূলত তাৎপর্যটি এরূপ যে, মৃত্যু অবধারিত হলে আল্লাহ তা'আলার সাথে সাক্ষাতের সম্ভষ্টির কামনা করা নিষেধ করে না আর না মৃত্যু চাওয়া আল্লাহর নিকট আর এ বিষয়ে ইমাম বুখারী হাদীস সাজিয়েছেন- আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীসের পরে 'আয়িশাহ্ (রাঃ)-এর হাদীস।



(اَللَّهُمَّ اغْفِرْلِيْ وَارْحَمْنِيْ وَأَلْحِقْنِيْ بِالرَّفِيْقِ الْأَعْلَى) হে আল্লাহ! আমাকে ক্ষমা কর এবং দয়া কর আর সর্বোচচ বন্ধুর সাথে মিলিত কর, সুতরাং এটা ইঙ্গিত করে যে, মৃত্যু কামনা নিষেধাজ্ঞা হল মৃত্যু আসার পূর্বে।

(لَا يَزِيدُ الْمُؤْمِنَ عُمْرُهُ إِلَّا خيرا) মু'মিনের বয়স বা জীবন শুধুমাত্র কল্যাণ ও নেকীই বৃদ্ধি করে বিপদাপদে ধৈর্য ধারণ, আল্লাহর নি'আমাতসমূহের কৃতজ্ঞতা প্রকাশ এবং তার ফায়সালার উপর সম্ভুষ্ট থাকা এবং আল্লাহর আদেশসমূহ বাস্তবায়নের মাধ্যমে। হাফিয ইবনে হাজার বলেন, প্রশ্ন উঠে কখনো কখনো খারাপ 'আমল করে ফলে জীবনে বদ 'আমলই বৃদ্ধি পায়। জবাবে বলা হয় মু'মিন দ্বারা কামিল মু'মিন উদ্দেশ্য অথব মু'মিন ব্যক্তি 'আমল করার মাধ্যমে জীবনের সকল গুনাহ মিটিয়ে নেয় বা কাবীরাহ্ (কবিরা) গুনাহ হতে বিরত থাকে আর অপরদিকে ভাল 'আমলের দ্বারা খারাপ 'আমল মিটিয়ে সাওয়াব বহুগুণে বৃদ্ধি করে আর যতক্ষণ ঈমান অবশিষ্ট থাকে এর দ্বারা আনুপাতিক হারে সাওয়াব বাড়তে থাকে এবং পাপ কমতে থাকে বা মিটতে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন